শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/৩০৬ তারিখঃ ২৪/০৫/২০১৭খ্রিঃ

**বিষয়ঃ রিট পিটিশন নং- ৫৪৯৯/২০১৭ এ প্রদত্ত ১৮/০৪/২০১৭খ্রিঃ তারিখের আদেশ মোতাবেক সংযুক্ত "K Series" নিষ্পত্তি প্রসঙ্গে।**

সূত্রঃ গত ১৮/০৪/২০১৭খ্রিঃ তারিখের মহামান্য হাইকোর্টের আদেশ।

সূত্রোক্ত "K Series" এ বর্ণিত আবেদনসমূহ পর্যালোচনান্তে দেখা যায় যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড-এ কর্তৃক কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্তর ভিত্তিক প্রণয়নকৃত ও প্রকাশিত জ্যেষ্ঠতা/গ্রেডেশন তালিকার উপর আপত্তি দিয়ে অভিন্ন জ্যেষ্ঠতা তালিকা/গ্রেডেশন তালিকা প্রণয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন প্রসঙ্গে।

আবেদনকারীগণের আবেদন ও বোর্ডে রক্ষিত নথি পর্যালোচনায় দেখা যায় যে, আবেদনকারীগণকে শিক্ষা মন্ত্রণালয় এর স্মারক নং- শিম/শাঃ১৬/বিবিধ-২১/২০০২/৫০০-শিক্ষা; তারিখঃ ০৭/১০/২০০২ এ প্রদত্ত প্রজ্ঞাপন মোতাবেক **মাদরাসা শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে (১) রাজশাহী (২) রংপুর (৩) খুলনা (৪) বরিশাল (৫) কুমিল্লা (৬) ময়মনসিংহ (৭) সিলেট ও (৮) চট্টগ্রাম এর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক উপ-পরিচালকের কার্যালয়ে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ০৮ (আট) টি শাখা স্থাপন এবং শাখাগুলির জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের জনবল কাঠামোতে ০৮(আট)টি সহকারী পরিদর্শক (স্কেল ৪,৩০০-৭,৭৪০/-), ০৮(আট)টি অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (স্কেল ১,৮৭৫-৩,৬০৫/-) ও ০৮(আট)টি এম.এল.এস.এস. (স্কেল ১,৫০০-২৪০০/-) পদ সৃষ্টি করা হয়**, যাহা ১৯/১২/২০০২খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

উক্তরূপ পদ সৃষ্টির পরিপ্রেক্ষিতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক ০১/০২/২০০৩খ্রিঃ তারিখে অস্থায়ী ভিত্তিতে/চুক্তিভিত্তিতে বোর্ডের আওতায় নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়। আবেদনকারীদের নিয়োগপত্র পর্যালোচনান্তে দেখা যায় যে, তাঁদেরকে ০২(দুই) বছরের জন্য বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আঞ্চলিক কার্যালয়ে নিয়োগ প্রদান করা হয়। আবেদনকারীগণ তাঁদের নিয়োগপত্রে বর্ণিত শর্তসমূহ গ্রহণ করে ভিন্ন ভিন্ন তারিখে স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ে যোগদান করেন। উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৬/বিবিধ-২১/০২(অংশ-১)/৪৭১; তারিখঃ ২১/১২/২০০৩ এ প্রদত্ত প্রজ্ঞাপনে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের আঞ্চলিক কার্যালয়ে সদ্য যোগদানকৃত সহকারী পরিদর্শকগণকে নিম্নরূপ দায়িত্ব পালনের বিষয়ে উল্লেখ করা হয়:-

১) আঞ্চলিক কার্যালয়ের অন্তর্গত প্রতিটি জেলার সকল পর্যায়ের মাদরাসা শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণের জন্য সকল মাদরাসাসমূহ পর্যায়ক্রমে পরিদর্শন ও মনিটরিং।
২) মাদরাসাসমূহে দৈনিক পাঠদানের সময়সূচী (সকাল ১০টা হতে অপরাহ্ন ৪টা) কার্যকর করার জন্য তদারকী।
৩) বোর্ডের আওতাধীন এবতেদায়ী ও দাখিল মাদরাসাসমূহের পাঠদান অনুমতি, স্বীকৃতি-নবায়ন, উপবৃত্তি সংক্রান্ত প্রতিবেদন, বিজ্ঞান বিভাগ ও কম্পিউটার শাখা খোলার ব্যাপারে পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুতকরণ। সেই আলোকে সকল কাগজপত্র মাদরাসা প্রধান থেকে গ্রহণ ফাইল প্রস্তুতকরণ এবং তার ভিত্তিতে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার ও উপ-পরিচালকের সুপারিশসহ চেয়ারম্যান, মাদরাসা শিক্ষা বোর্ড বরাবর প্রেরণ।
৪) বোর্ডের আওতাধীন সকল ধরনের প্রতিষ্ঠানে আকস্মিক পরিদর্শন এবং প্রতিবেদন বোর্ডে প্রেরণ।
৫) বিভিন্ন পাবলিক পরীক্ষা যেমন: দাখিল, আলিম, ফাজিল, কামিল ও বৃত্তি পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করার লক্ষ্যে বোর্ডের নির্দেশক্রমে বিভিন্ন পরীক্ষার হলসমূহ পরিদর্শন করা।
৬) স্বতন্ত্র এবতেদায়ী মাদরাসা সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে কিনা তা তদারকিকরণ।
৭) সকল ধরনের মাদরাসার বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি সংক্রান্ত বিষয়ে তদন্তান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বোর্ডে প্রেরণ।

২৪.৫.১৭ ২৪/৫/১৭

G:\Admin\Shujan\2017\05. May\23.05.2017\Ancholic

**বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা**
২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

৮) প্রয়োজনে আঞ্চলিক কার্যালয় থেকে বিভিন্ন বোর্ড উপকরণ যেমন- SIF Form, Transcript, মূল সনদ, টেবুলেশন শীট, কম্পিউটার প্রিন্ট, টট লিস্ট প্রভৃতি বিতরণ।
৯) শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড এর যে কোন আদেশ আঞ্চলিক কার্যালয় থেকে বিতরণ ও সেই মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
১০) বোর্ডের স্বার্থে ও নির্দেশে যে কোন ধরনের কাজ তদারকিকরন ও সম্পন্নকরণ।

আঞ্চলিক কার্যালয়ে দায়িত্ব পালনের জন্য সহকারী পরিদর্শকগণের জন্য অতিরিক্ত সুবিধা সম্পন্ন বেতন স্কেল প্রদান করা হয়, সে মোতাবেক ধারাবাহিকভাবে তাঁরা বোর্ডের সমপর্যায়ের একই পদের কর্মকর্তাদের থেকে অতিরিক্ত আর্থিক সুবিধা বেতন স্কেল ভোগ করে আসছেন। পরবর্তীতে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ১৪৭তম বোর্ড সভায় সংশোধনীর ১(খ) প্রস্তাবে আবেদনকারীগণের বিষয়ে নিম্নোক্তরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

> "৬নং প্রস্তাবে সিদ্ধান্তে আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী স্ব-স্ব পদে নিয়মিতকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়, এর সাথে যোগ হবে- তাদের কর্মপরিধি তৈরিকল্পে এজেন্ডা আকারে বোর্ড সভার পরবর্তী অধিবেশনে উপস্থাপন করতে হবে।"

১৪৭তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁদের চাকুরীতে নিয়মিতকরণ (স্থায়ীকরণ) করা হয়। উক্ত বোর্ড সভার ধারাবাহিকতায় বোর্ডের ১৫১তম সভায় বিবিধ প্রস্তাব-৩ মোতাবেক নিম্নরূপ কর্মপরিধির সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

> "সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিদর্শকগণকে দাখিল মঞ্জুরী নবায়নকল্পে তাঁর আওতাধীন দাখিল মাদরাসাসমূহ বোর্ডের নির্দেশক্রমে পরিদর্শন করার দায়িত্ব প্রদান করা হলো। মাদরাসার এসআইএফ, টটলিস্ট, প্রিন্ট আউট, এন্ট্রি ফরম আঞ্চলিক কার্যালয়ে গ্রহণ করার জন্যও বলা হল এবং তাদের কার্যক্রম তদারকির জন্য বোর্ড সভার সদস্যদের মাধ্যমে একটি কমিটি গঠন করার সুপারিশ করা হলো।"

উল্লেখ্য যে,

- বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে পদায়নকৃত সহকারী পরিদর্শক পদমর্যাদা ২য় শ্রেণির এবং বর্তমানে তাদের বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০/- টাকা;
- অপরদিকে আঞ্চলিক কার্যালয়ের পদায়নকৃত সহকারী পরিদর্শক পদমর্যাদা ১ম শ্রেণির এবং বর্তমানে তাদের বেতন স্কেল ২২০০০-৫৩০৬০/- টাকা;
- বোর্ডের অর্গানোগ্রামে আঞ্চলিক কার্যালয় এ কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীদেরকে আলাদাভাবে দেখানো হয়েছে।

বর্ণিত আবেদনকারীগণের নিয়োগ, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন, নিয়োগপত্র, দায়িত্বের ধরন বিষয়ে প্রজ্ঞাপন, বোর্ড সভা কর্তৃক নিয়মিতকরণ ও কর্মপরিধি নির্ধারণ, বোর্ড সভা কর্তৃক শুরু থেকে আলাদা বেতন-স্কেল ও বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের অর্গানোগ্রাম থেকে এটা সুস্পষ্ট যে, আবেদনকারীগণকে শুধুমাত্র বোর্ডের আঞ্চলিক কার্যালয়ের জন্য নিয়োগ প্রদান করা হয় বিধায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা এ কর্মরত/কর্মচারীদের সাথে অভিন্ন জ্যেষ্ঠতা তালিকা/গ্রেডেশন তালিকা প্রণয়নের সুযোগ নেই। উল্লেখ্য, তাঁদের "K Series" এ প্রদত্ত আবেদনসমূহ একই প্রকৃতির বিধায় এতদ্বারা একই সাথে নিষ্পত্তি করা হলো।

২৪।৫।১৭

(মোঃ হোসেন)
উপ-পরিদর্শক
ও
আহবায়ক, গ্রেডেশন তালিকা প্রণয়ন কমিটি
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৫০১৬

২৪.৫.১৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

**প্রাপকঃ**

১. মোঃ মুজাহিদুল ইসলাম, পিতা- মৃত মোঃ মুবারক হোসেন, সহকারী পরিদর্শক, রাজশাহী অঞ্চল, রাজশাহী, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. মোঃ মোশারফ হুসেন, পিতা- মোঃ আব্দুস সাত্তার, সহকারী পরিদর্শক, রংপুর অঞ্চল, রংপুর, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. মোঃ নজরুল ইসলাম, পিতা- মৃত ইমান আলী, সহকারী পরিদর্শক, খুলনা অঞ্চল, খুলনা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. মোঃ জাহাঙ্গীর আলম, পিতা- মৃত মোঃ দুদু মিয়া, সহকারী পরিদর্শক, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, পিতা- মোহাম্মদ শাহাজ উদ্দিন, সহকারী পরিদর্শক, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. মোঃ আবুল কালাম আজাদ, পিতা- মৃত আব্দুল হামিদ, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. মোঃ আবু তাহের, পিতা- মৃত আব্দুল হামিদ মোল্লা, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, সিলেট অঞ্চল, সিলেট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. মোঃ আলতাব হোসেন, পিতা- মৃত শাহজাহান আলী, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. মোঃ কামাল উদ্দিন, পিতা- মোঃ জহির উদ্দিন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, রাজশাহী অঞ্চল, রাজশাহী, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. মীর মোঃ খলিলুর রহমান, পিতা- মৃত মীর মোতাহের আলী, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, খুলনা অঞ্চল, খুলনা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. আব্দুস শাকুর, পিতা- মৃত আজবুল মন্ডল, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, রংপুর অঞ্চল, রংপুর, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. মোঃ ইস্রাফিলুর রহমান, পিতা- মৃত মতিয়ার রহমান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, বরিশাল অঞ্চল, রবিবার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. মোঃ আজহারুল ইসলাম, পিতা- মৃত মোঃ ছিদ্দিকুর রহমান চৌধুরী, এমএলএসএস, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. মোঃ আবু সায়েম, পিতা- মৃত হুমায়ুন আলী, এমএলএসএস, রাজশাহী অঞ্চল, রাজশাহী, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. শেখ মোঃ আবু শাহিন, পিতা- মৃত শামসুল হক, এমএলএসএস, বরিশাল অঞ্চল, রবিশাল, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. নুরুল আমিন (১), পিতা- মৃত রুহুল আমিন, এমএলএসএস, সিলেট অঞ্চল, সিলেট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৭. মোঃ নুরুল আমিন (২), পিতা- মৃত নিজাম উদ্দিন সরকার, এমএলএসএস, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮. মোঃ জিয়াউর রহমান, পিতা- মৃত আব্দুল হান্নান, এমএলএসএস, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯. মোঃ আনোয়ারুল হক, পিতা- মৃত আবুল হাশেম, এমএলএসএস, খুলনা অঞ্চল, খুলনা, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**অনুলিপিঃ**

১. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অফিস কপি।

২৪/৫/১৭

২৪.৫.১৭

G:\Admin\Shujan\2017\05. May\23.05.2017\Ancholic